Bengali

হাউজিং এন্ড কাউন্সিল ট্যাক্স বেনিফিটস- বাড়ীর মালিক এবং প্রতিনিধিদের জন্য তথ্য

(Housing and Council Tax Benefits – information for landlords and agents)

বাড়ীর মালিক এবং প্রতিনিধিদের জন্য আমরা এই লিফলেট লিখেছি। এই বিধিবিধানগুলো পুরো দেশের জন্য প্রযোজ্য এবং আপনি যে এলাকায়ই বাস করেন না কেন সেগুলো একই। আপনার এলাকা কোন কাউন্সিলে পড়েছে তা না জানলে আপনার কাউন্সিল ট্যাক্স বিল থেকে জানতে পারবেন।

হাউজিং বেনিফিট কি?

বাড়ীভাড়া পরিশোধ করা মাঝে মাঝে বেশ কঠিন হয়ে পড়ে। তবে, কম আয়ের লোকরা তাদের বাড়ীভাড়া পরিশোধ করার জন্য সহায়তা পেতে পারে। একেই বলে হাউজিং বেনিফিট (গৃহায়ন সুবিধা)। হাউজিং বেনিফিট একটি জাতীয় সুবিধা, যা স্থানীয় কাউন্সিলগুলো দ্বারা দান করা হয়।

হাউজিং বেনিফিট কে দাবী করতে পারে?

সাধারণভাবে বসবাস করেন এরকম বাড়ীর ভাড়া প্রদানকারী কম আয়ের যে কোন ব্যক্তি হাউজিং বেনিফিট দাবী করতে পারেন। এর মধ্যে এমন বোর্ডাররা অন্তর্ভূক্ত হতে পারে যাদেরকে তাদের ভাড়াটে স্বত্ব চুক্তির অংশ হিসাবে খাবার সরবরাহ করা হয়। এটা শুধুমাত্র ভাড়াটেরা দাবী করতে পারে। তাদের পক্ষ হতে আপনি দাবী করতে পারবেন না। হাউজিং বেনিফিট পাওয়ার জন্য একজন ভাড়াটের যা করতে হবেঃ

- ভাড়া দেয়ার দায়িত্বে থাকতে হবে;
- সম্পত্তিতে তাদের স্বাভাবিক বাসস্থান হিসাবে থাকতে হবে; এবং
- বেনিফিটের জন্য দাবী করতে হবে।

কাউন্সিল লিখিতভাবে না জানানো পর্যন্ত আপনার এবং আপনার ভাড়াটের এটা ধরে নেয়া উচিৎ হবেনা যে কাউন্সিল বেনিফিট প্রদান করবে।

কে হাউজিং বেনিফিট দাবী করতে পারবেনা ?

ভাড়াটেরা সাধারণতঃ হাউজিং বেনিফিট পাবে না যদি তারাঃ

- একজন ঘনিষ্ট আত্মীয়ের সাথে বাস করে এবং তাকে ভাড়া প্রদান করে থাকে;
- বাড়ীর মালিকের সাথে পরিবারের একজন সদস্য হিসাবে বাস করে থাকে;
- তাদের আগের পার্টনারের সাথে যৌথভাবে থাকার বাসার জন্য ভাড়া দিয়ে থাকে;
- বাড়ীর মালিকের সন্তানের দায়িত্বে থাকলে;
- বর্তমানে যে সম্পত্তির জন্য তারা ভাড়া প্রদান করছে ইতিপূর্বে তারা এই সম্পত্তির মালিক থাকলে;
- চাকুরীর অংশ হিসাবে এই বাড়ীতে তারা বাস করে থাকলে;
- কেয়ার হোমে বাস করে থাকলে; অথবা
- পূর্ণকালীন ছাত্র হলে।

আপনার ভাড়াটে বেনিফিট পাবে কিনা এ ব্যাপারে নিশ্চিত না হলে, তাদের একটি দাবী জানাতে হবে অথবা আরো পরামর্শের জন্য তাদের স্থানীয় কাউন্সিলের সাথে যোগাযোগ করতে হবে।

কাউন্সিল ট্যাক্স কি?

কাউন্সিল ট্যাক্স হচ্ছে কাউন্সিল সেবাগুলোর জন্য অর্থ পরিশোধের একটি উপায়।

কাউন্সিল ট্যাক্স কাকে পরিশোধ করতে হবে?

যে ব্যক্তি একটি সম্পত্তির মালিক এবং সেই সম্পত্তিতে বসবাস করে (মালিক-বসবাসকারী) অথবা ১৮ বৎসর বা তার চেয়ে বেশী বয়সী একজন ভাড়াটে সম্পত্তিতে বাস করে থাকলে তাকে সাধারণতঃ কাউন্সিল ট্যাক্স প্রদান করতে হয়।

কাউন্সিল ট্যাক্স বেনিফিট কি?

কম আয়ের মানুষরা তাদের কাউন্সিল ট্যাক্স বিল প্রদানের জন্যও সাহায্য পেতে পারেন। এটাকে বলে কাউন্সিল ট্যাক্স বেনিফিট।

কাউন্সিল ট্যাক্স বেনিফিট কে দাবী করতে পারে?

যে কোন মালিক-বসবাসকারী অথবা ১৮বৎসর বা তার বেশী বয়সের যেকোন ভাড়াটে যার আইনগতভাবে কাউন্সিল ট্যাক্স প্রদান করার দায়িত্ব আছে তিনি কাউন্সিল ট্যাক্স বেনিফিট দাবী করতে পারবেন।

কে কাউন্সিল ট্যাক্স বেনিফিট দাবী করতে পারবেন না?

কোন বিশেষ পরিস্থিতিতে, মালিক যারা সম্পত্তিতে বাস করেন না তাদেরকে কাউন্সিল ট্যাক্স প্রদান করতে হবে। তারা কাউন্সিল ট্যাক্স বেনিফিট দাবী করতে পারবেন না। এর একটি সাধারণ উদাহরণ হচ্ছে অনেক লোক বসবাসরত একটি বাড়ী (এইচএমও)।

এইচএমও বলতে বুঝায় যেখানেঃ

- ভাড়াটেরা সম্পত্তির রুমগুলো ভাড়া নেয় এবং সুবিধাগুলো শেয়ার করে, উদাহরণস্বরুপ, একটি বাথরুম বা রান্নাঘর (অথবা দুটোই); এবং
- প্রত্যেক ভাড়াটের একটি আলাদা ভাড়াটে স্বত্ব থাকে যার মধ্যে শুধুমাত্র তাদের নাম থাকে।

একটি এইচএমওতে কাউন্সিল ট্যাক্স প্রদানের দায়িত্ব বাড়ীর মালিকের। তবে, সম্পত্তিতে আপনার ভাড়াটে থাকলে, আপনি ভাড়ার অংশ হিসাবে কাউন্সিল ট্যাক্স এর জন্য তাদের কাছ থেকে অর্থ গ্রহণ করতে পারেন। আপনার আরো তথ্য বা পরামর্শের প্রয়োজন হলে অনুগ্রহ করে আপনার স্থানীয় কাউন্সিলের সাথে যোগাযোগ করুন।

আমার ভাড়াটেরা কিভাবে হাউজিং বেনিফিট বা কাউন্সিল ট্যাক্স বেনিফিট দাবী করবেন?

যে সকল ভাড়াটেরা ইনকাম সাপোর্ট বা আয়-ভিত্তিক জবসিকার্স এলাউন্স (চাকুরী সন্ধানকারী ভাতা) দাবী করেন তারা দাবী করার সময় একটি হাউজিং বোনফিট এবং কাউন্সিল ট্যাক্স বেনিফিট ফরম (এইচ সি টি বি ওয়ান) পাবেন। তারা এই ফরম সরাসরি তাদের স্থানীয় কাউন্সিলে বেনিফিট সেকশনে পাঠিয়ে দিবেন। জবসেন্টার প্লাস ভাড়াটেদের বলবে তারা ইনকাম সাপোর্ট বা জবসিকার্স এলাউন্স (আয় ভিত্তিক) পাবেন কি না। কোন কোন এলাকায় জবসেন্টার প্লাস একটি নতুন নিয়ম চালূ করেছে সেই নিয়ম অনুসারে হাউজিং বেনিফিট এবং কাউন্সিল ট্যাক্স বেনিফিট এর দাবী ইনকাম সাপোর্ট, জবসিকার্স এলাউন্স বা ইনক্যাপাসিটি বেনিফিট এর মত একই ফরমে করা যাবে । এসকল ক্ষেত্রে জবসেন্টার প্লাস, হাউজিং বেনিফিট এবং কাউন্সিল ট্যাক্স বেনিফিট এর ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের জন্য কাউন্সিলের প্রয়োজনীয় প্রাসংগিক তথ্যগুলো পাঠাবে।

আপনার ভাড়াটে পেনশন ক্রেডিটের জন্য আবেদন করে থাকলে, তাদেরকে জিজ্ঞেস করা হবে তারা পেনশন ক্রেডিট আবেদন ফরম হাউজিং বেনিফিট এবং কাউন্সিল ট্যাক্স বেনিফিট এর দাবী করতে চান কি না। তারা ফোনের জন্য আবেদন করলে, উপদেষ্টা জিজ্ঞেস করবেন তারা হাউজিং বেনিফিট বা কাউন্সিল ট্যাক্স বেনিফিট (অথবা দুটোই) দাবী করতে চান কি না। এরপর পেনশন সার্ভিস একটি এইচ সি টি বি ওয়ান (পিসি) ফরম পাঠাবে। তাদেরকে পূরণ করা ফরমটি তাদের স্থানীয় কাউন্সিলে প্রেরণ করতে হবে। সেগুলোর ঠিকানা আপনি আপনার কাউন্সিল ট্যাক্স বিল বা ফোন বুকে পাবেন।

আপনার ভাড়াটেরা তাদের ফরম জবসেন্টার প্লাস বা পেনশন সার্ভিসে ফেরত পাঠালে, তারা ফরমটি লোকাল কাউন্সিলে পাঠিয়ে দিবে। আপনার ভাড়াটেকে হাউজিং বেনিফিট বা কাউন্সিল ট্যাক্স বেনিফিট (অথবা দুটোই) পাওয়ার জন্য ইনকাম সাপোর্ট, জবসিকার্স এলাউন্স (আয় ভিত্তিক) বা পেনশন ক্রেডিট পেতে হবে না। এরকম ক্ষেত্রে একটি দাবী ফরম পুরণ করে সরাসরি কাউন্সিল হতে তারা হাউজিং বেনিফিট বা কাউন্সিল ট্যাক্স বেনিফিট (অথবা দুটোই) দাবী করতে পারেন। তারা কাউন্সিলের কাছে একটি ফরম চাইতে পারেন। যোগাযোগের বিস্তারিত আপনার কাউন্সিল ট্যাক্স বিল বা ফোন বুকে পাবেন।

ফরমটি পূরণ করার পর, তাদেরকে এটা যত তাড়াতাড়ি সম্ভব ফেরত পাঠাতে হবে।

বেনিফিটগুলোর হিসাব করার জন্য আপনার কি ধরনের তথ্য প্রয়োজন?

আমরা যখন হাউজিং বেনিফিট বা কাউন্সিল ট্যাক্স বেনিফিট (অথবা দুটোই) এর জন্য একটি দাবী গ্রহণ করি, তখন আমাদের জানতে হবেঃ

- ভাড়াটে এবং তাদের বাবা মায়ের আয় এবং সঞ্চয়, যতক্ষণ না পর্যন্ত তারা ইনকাম সাপোর্ট বা জবসিকার্স এলাউন্স (আয় ভিত্তিক) বা পেনশন ক্রেডিট ভোগ করেন;
- ভাড়াটেদের পারিবারিক পরিস্থিতি, এর মধ্যে তাদের সাথে কারা বাস করে তার বিস্তারিত; এবং
- ভাড়াটেদের ভাড়া।

তাদেরকে নিজেদের এবং তাদের পার্টনারের ন্যাশনাল ইন্স্যুরেন্স নাম্বার এবং আইডেন্টিটির প্রমাণপত্রও দিতে হবে।

ভাড়ার কি ধরনের প্রমাণপত্র আপনার প্রয়োজন?

ভাড়াটের যে ভাড়া পরিশোধ করতে হয় সেটার প্রমাণপত্র আমাদের প্রয়োজন। এটা সাধারণতঃ ভাড়াটে স্বত্বের চুক্তি, কিন্তু এটা ভাড়ার বই বা আপনার প্রেরণ করা একটি পত্রও হতে পারে। এই প্রমাণপত্রে থাকতে হবেঃ

- তাদের ভাড়া নেয়া সম্পাত্তির পূর্ণ ঠিকানা;
- বাড়ীর মালিকের পূর্ণ নাম এবং ঠিকানা;
- কোন প্রতিনিধির পূর্ণ নাম এবং ঠিকানা;
- সকল ভাড়াটের পূর্ণ নাম;
- ভাড়াটে স্বত্ব শুরু হওয়ার ঠিকানা;
- চার্জ করা ভাড়ার পরিমাণ;
- কত ঘন ঘন ভাড়া প্রদান করা হয়, যেমন, সাপ্তাহিক, চার সাপ্তাহিক, মাসিক ইত্যাদি;
- ভাড়ার মধ্যে কি কি অন্তর্ভূক্ত আছে, যেমন, খাবার সরবরাহ, গ্যাস, ইলেক্ট্রিসিটি, পানির চার্জ এবং এসকল সেবার জন্য চার্জের পরিমাণ;
- দলিলটি যে দিন স্বাক্ষর করা হয়েছে সেই তারিখ;
- এই ভাড়াটে স্বত্ব কতদিন বলবৎ থাকবে;
- আপনার স্বাক্ষর; এবং
- ভাড়াটের স্বাক্ষর।

এটাও উপকারী হবে যদি এতে ভাড়াটের কাছে আপনার কোন বকেয়া পাওনার বিস্তারিত উল্লেখ করা থাকে।

হাউজিং বেনিফিট সম্পূর্ণ ভাড়া কভার করবে?

হাউজিং বেনিফিট আপনার চার্জ করা সম্পূর্ণ ভাড়া কভার না করতে পারে। অবশিষ্ট অর্থ আপনার ভাড়াটেকে পরিশোধ করতে হবে।

যদি ভাড়ার মধ্যে সেবাগুলোর চার্জ অন্তর্ভূক্ত থাকে (যেমন পানির চার্জ), তখন হাউজিং বেনিফিট হিসাব করার আগে আমাদেরকে এ সকল খরচ ভাড়া হতে আলাদা করার প্রয়োজন হতে পারে।

আমরা এটাও পরীক্ষা করে দেখব ভাড়া খুব বেশী কিনা। যদি সেটা বেশী হয়, তাহলে আমরা বেনিফিট হিসাব করার সময় কম পরিমাণ ভাড়ার ভিত্তিতে সেটা করব। কোন কোন ক্ষেত্রে আমরা আমাদের ব্যবহার করা ভাড়ার অংক কমিয়ে দিতে পারি যদি বাসাটি ভাড়াটে এবং তাদের পরিবারের জন্য বেশী বড় হয়।

ভাড়া যদি খুব বেশী হয় তাহলে আপনি কিভাবে সিদ্ধান্ত গ্রহণ করবেন?

সকল সাইজের বাড়ীগুলোর ভাড়ার পরিমাণ রেন্ট সার্ভিস স্থির করবে এবং তা প্রতিটি কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। যদিও আপনার ভাড়াটের বেনিফিটের পরিমাণ তার আয়, সঞ্চয় ও তাদের পরিবারের সদস্য সংখ্যার উপর নির্ভর করবে, তবুও এটা রেন্ট সার্ভিস দ্বারা নির্ধারিত সে রেন্ট লেভেলের সর্বোচ্চ ভাড়ার বেশী হবে না। বাড়ী ভাড়ার ব্যাপারে (যেমন ভাড়া বা কাউন্সিল ট্যাক্স) আপনার ভাড়াটের যদি আরো বেশি সহায়তার প্রয়োজন হয়, তারা ডিসক্রেশনারী হাউজিং পেমেন্ট (এসব খরচের জন্য অতিরিক্ত সহায়তা) এর জন্য আবেদন করতে পারেন।

আমি কি একজন টেনান্ট বাড়ীতে ঢুকার আগেই তিনি সর্বোচ্চ কত পারিমাণ হাউজিং বেনিফিট পাবেন তা জানতে পারবো?

হ্যাঁ। আমরা আপনার যতগুলি রুমের প্রয়োজন ততগুলি রুমের জন্য আপনি যে এলাকায় থাকেন সে এলাকার লোকাল হাউজিং এলাওয়েন্স (এল.এইচ.এ) রেইটের উপর ভিত্তি করে আপনার হাউজিং বেনিফিট স্থির করবো। রেন্ট সার্ভিস প্রতি মাসে নতুন এল এইচ এ রেট প্রকাশ করবে। আরো তথ্যের জন্য 'এ গাইড টু লোকাল হাউজিং এলাওয়েন্স' পুস্তিকাটি দেখুন।

যে সব ভাড়াটেদেরকে লোকাল হাউজিং এলাওয়েন্স প্রভাবিত করবে **না**, সেগুলোর বেলায় আপনার হাউজিং বেনিফিট নির্ণয় করতে ভাড়ার কতটুকু আমরা ব্যবহার করবো তা আপনি ভাড়া নেবার **আগেই** জানতে পারবেন। আপনি একটি প্রি টেনান্সী ডিটারমিনেশন (পি টি ডি) ফরম পূরণ করে তা করতে পারেন, যা আমাদের কাছে পাবেন। আপনার কাউন্সিল ট্যাক্স বিলে বা আপনার স্থানীয় ফোন বুকে আমাদের সাথে যোগাযোগের বিস্তারিত তথ্য পাবেন।

আপনার ভাড়াটে হাউজিং বেনিফিট পাবেন প্রি-টেনান্সি ডিটারমিনেশন এই নিশ্চয়তা দেয় না। তবুও আপনার ভাড়াটেকে একটি দাবী ফরম পূরণ করতে হবে এবং আমাদের প্রয়োজনীয় সকল প্রমাণপত্র দেখাতে হবে।

আমার ভাড়াটে একজন ছাত্র হলে কি হবে?

বেশীরভাগ ছাত্ররা হাউজিং বেনিফিট বা কাউন্সিল ট্যাক্স বেনিফিট (অথবা দুটোই) দাবী করতে পারে না। কিন্তু কিছু ছাত্র হাউজিং বেনিফিট পেতে পারে যদি তারাঃ

- সিংগল প্যারেন্ট হয়;
- নির্ভরশীল শিশু সহ দম্পতি;
- অক্ষমতাযুক্ত; অথবা
- ইনকাম সাপোর্ট বা জবসিকার্স এলাউন্স (আয় ভিত্তিক) পাচ্ছে এমন হয়।

আপনার ভাড়াটে একজন ছাত্র হলে এবং তারা কোন বেনিফিট পাবে কিনা এটা জানতে চাইলে, তাদের লোকাল কাউন্সিলের সাথে যোগাযোগ করতে হবে। আপনার কাউন্সিল ট্যাক্স বিল বা ফোন বুকে আপনি যোগাযোগের বিস্তারিত পাবেন।

আমার ভাড়াটে কি পরিমাণ হাউজিং বেনিফিট পাবে?

আপনার ভাড়াটে যদি ইনকাম সাপোর্ট, জবসিকার্স এলাউন্স (আয় ভিত্তিক) বা পেনশন ক্রেডিটের নিশ্চয়তাপূর্ণ অংশ পেয়ে থাকেন, তাহলে সাধারণতঃ তারা সর্বোচ্চ সুবিধা পাবে। অর্থাৎ এটা সর্বোচ্চ ভাড়া এবং কাউন্সিল ট্যাক্স এর সবটুকু, এর থেকে অ-নির্ভরশীল (নন-ডিপেন্ডেন্ট) চার্জ থাকলে সেগুলো বাদ যাবে।

তারা ইনকাম সাপোর্ট বা জবসিকার্স এলাউন্স (আয় ভিত্তিক) না পেলে, বেনিফিট/সুবিধার পরিমাণ নির্ভর করে তাদের পরিবার (ভাড়াটে, তাদের পার্টনার এবং সন্তানরা) তাদের আয়ের উপর। যদি ভাড়াটে, বা তাদের পরিবারের কেউ, অক্ষমতাযুক্ত হলে, তারা আরো বেশী বেনিফিট পেতে পারে।

ভাড়াটের সংসারের আকার সরকারের স্থির করা দাবীর 'প্রযোজ্য পরিমাণ'-কে প্রভাবিত করবে। প্রযোজ্য পরিমাণ হচ্ছে সর্বনিম্ন পরিমাণ অর্থ যা বাঁচার জন্য প্রয়োজন বলে সরকার মনে করে।

হাউজিং বেনিফিট কখন শুরু হবে?

আপনার ভাড়াটে দাবী করার পর (ইনকাম সাপোর্ট বা জবসিকার্স এলাউন্স (আয় ভিত্তিক) এর জন্য আমাদের কাছে বা জবসেন্টার প্লাস এর কাছে এবং পেনশন ক্রেডিটের জন্য পেনশন সার্ভিসের কাছে) সোমবার হতে আমরা সাধারণতঃ বেনিফিট প্রদান করব।

দাবী করার ব্যাপারে তারা নিশ্চিত না হলে তাদের দাবী ফরম সরাসরি আমাদের কাছে প্রেরণ করতে হবে, এমনকি তারা যদি সহায়ক দলিলের জন্য অপেক্ষা করে, তানা হলে তারা অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত কতে পারে।

বেনিফিট কতদিন পর্যন্ত স্থায়ী হবে?

আমরা আপনার ভাড়াটেকে অনির্দিষ্টকাল পর্যন্ত সুাবধা দিয়ে যাব যতক্ষণ না পর্যন্ত তাদের অবস্থার পরিবর্তন না হয়। যখন এটা হবে তখন আমরা পুনরায় তাদের সুবিধা প্রাপ্তির যোগ্যতা পরিমাপ করব।

হাউজিং বেনিফিট কিভাবে পরিশোধ করা হয়?

আমরা সাধারণত হাউজিং বেনিফিট সরাসরি ভাড়াটেকে পরিশোধ করি। তাদের ভাড়া আপনাকে পরিশোধ করা তাদের দায়িত্ব। কিছু বিশেষ ক্ষেত্রে আমরা সরাসরি আপনার কাছে হাউজিং বেনিফিট দেবো। আমরা এটা একমাত্র করবো যদি আমরা মনে করি যে আপনার ভাড়াটেরা তাদের ভাড়া পরিশোধ করতে মারাত্মক সমস্যা ও তাদের টাকাপয়সা সামলাতে সমস্যার সম্মুখীন হবেন। আপনি যদি মনে করেন আপনার কোন ভাড়াটের ব্যাপারে এরকম কোন সমস্যা আছে তবে আপনি আমাদের সাথে যোগাযোগ করবেন।

আমার ভাড়াটের ভাড়া বকেয়া থাকলে আমি কি করতে পারি?

হাউজিং বেনিফিট প্রবিধান অনুসারে ভাড়াটের আট সপ্তাহ বা তার বেশী সময়ের ভাড়া বকেয়া থাকলে, আমাদের সরাসরি আপনাকে অর্থ পরিশোধ করতে হবে, যতক্ষণ না পর্যন্ত আমাদের বিবেচনায় আপনাকে সরাসরি পরিশোধ না করা ভাড়াটের জন্য মংগলজনক। আপনার ভাড়াটের কাছে আট সপ্তাহ বা তার বেশী সময়ের ভাড়া পাওনা থাকলে অনুগ্রহ করে আমাদের কাছে লিখুন যাতে আমরা কি ধরনের ব্যবস্থা নিতে পারি সেই সিদ্ধান্ত নিতে পারি।

হাউজিং বেনিফিট এর একটি দাবী নিস্পত্তি করতে কত সময় লাগে?

সকল স্থানীয় কর্তৃপক্ষকে বেনিফিট হিসাব করার জন্য প্রয়েজনীয় তথ্য সমূহ পাওয়ার ১৪ দিনের মধ্যে হাউজিং বেনিফিট পরিশোধ করতে হবে। তবে, বেনিফিট সাধারণতঃ বিলম্বিত করা হয় কারণ আমরা তথ্যগুলোর জন্য অপেক্ষা করি।

ভাড়াটের অবস্থার পরিবর্তন হলে কি হবে?

আপনার ভাড়াটের অবস্থার কোন পরিবর্তন আপনি এবং আপনার ভাড়াটে সরাসরি আমাদেরকে, লিখিতভাবে জানবেন। আপনার ভাড়াটে ইনকাম সাপোর্ট বা জবসিকার্স এলাউন্স (আয় ভিত্তিক) পেয়ে থাকেন তাহলে তাদের ডিপার্টমেন্ট ফর ওয়ার্ক এন্ড পেনশনসকেও জানাতে হবে। তারা পেনশন ক্রেডিট গ্রহণ করে থাকলে, তাদেরকে সরাসরি পেনশন সার্ভিসকে বলতে হবে যদি তাদের আয় অথবা সঞ্চয় বাড়ে বা কমে। পেনশন সার্ভিস এরপর আমাদেরকে বলবে।

পরিস্থিতি পরিবর্তনের নমুনা উদাহরণ হচ্ছেঃ

- ঠিকানার পরিবর্তন;
- ভাড়ার পরিবর্তন;
- পরিবারের লোকসংখ্যার পরিবর্তন;
- পরিবারে একজন সাবালক প্রবেশ করে অথবা বের হয়ে যায়;
- ভাড়াটেদের ইনকাম সাপোর্ট বা জব সিকার্স এলাউন্স (আয় ভিত্তিক) বন্ধ হয়ে যায়; অথবা
- ভাড়াটেদের আয় বেড়ে যায় বা কমে যায়।

আপনি অথবা আপনার ভাড়াটেকে সকল পরিবর্তনের ব্যাপারে সরাসরি আমাদের কাছে রিপোর্ট করতে হবে। সোস্যাল সিকিউরিটি এডমিনিস্ট্রেশন (ফ্রড) এ্যাক্ট ১৯৯৭ এর সেকশন ১৪ অনুসারে কোন ব্যক্তির হাউজিং বেনিফিট বা কাউন্সিল ট্যাক্স বেনিফিট প্রাপ্তির যোগ্যতাকে প্রভাবিত করতে পারে এরকম পরিস্থিতির পরিবর্তনের তথ্য তাদের অসৎ উদ্দেশ্য বা কোন যুক্তিসংগত কারণ ছাড়া আমাদের জানাতে ব্যর্থ হওয়া একটি অপরাধ।

আমি কিভাবে একটি বেনিফিট প্রতারণা রিপোর্ট করব?

ন্যাশনাল ফ্রড হটলাইনকে 0800 328 6340 নাম্বারে ফোন করুন।

আমাদের অনুসন্ধানে সহায়তা করার জন্য অনুগ্রহ করে যতটুকু সম্ভব তথ্য প্রদান করে আমাদের সাহায্য করুন। আমাদেরকে আপনার দেয়া যেকোন তথ্য গোপন রাখা হবে। আপনি চাইলে নাম উল্লেখ না করতে পারেন।

খুব বেশী পরিমাণ হাউজিং বেনিফিট পরিশোধ করা হলে কি হবে ?

আমরা খুব বেশী পরিমাণ বেনিফিট প্রদান করে থাকলে, আমরা আপনাকে বা আপনার ভাড়াটেকে অতিরিক্ত অর্থ ফেরত দেয়ার জন্য বলতে পারি। আমরা অতিরিক্ত অর্থ পুনরুদ্ধার করতে পারি এভাবেঃ

- দাবীকারী ব্যক্তির চলমান সুবিধা থেকে টাকা কেটে নিয়ে;
- অন্যান্য ভাড়াটেদের জন্য আপনাকে আমাদের পরিশোধ করা অর্থ হতে অর্থ কেটে নিয়ে; অথবা
- আপনাকে বা আপনার ভাড়াটের কাছে একটি বিল পাঠিয়ে।

আপনাদের গ্রহণ করা সিদ্ধান্তের সাথে আমি বা আমার ভাড়াটেরা একমত না হলে?

আপনি বা আপনার ভাড়াটে আমাদের গ্রহণ করা সিদ্ধান্তের সাথে একমত না হলে, আপনি আপিল করতে পারেন। ভাড়াটে এবং বাড়ীর মালিকদের জন্য আপিলের অধিকার ভিন্ন।

আপনি আমাদের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারেন একমাত্র এসকল ক্ষেত্রেঃ

- আমরা সরাসরি আপনাকে বেনিফিট প্রদান করব কিনা; অথবা
- আপনাকে পরিশোধ করা অতিরিক্ত অর্থ ফেরত দিতে হবে কিনা সে ব্যাপারে আমরা সিদ্ধান্ত গ্রহণ করলে।

আপনি বেনিফিটের পরিমাণ বা এটা যে তারিখ হতে দেয়া হয়েছে তার বিরুদ্ধে আপিল করতে পারবেন না।

ভাড়াটেরা তাদের বেনিফিটের দাবীর ব্যাপারে আমাদের গ্রহণ করা যেকোন সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারবেন। তাদেরকে আমরা আমাদের প্রেরিত পত্রে তাদের আপিল করার অধিকারের ব্যাপারে জানিয়ে দেই।

যেকোন আপিল লিখিতভাবে করতে হবে এবং সিদ্ধান্তের চিঠির তারিখের এক মাসের মধ্যে আমাদের কাছে পাঠাতে হবে। আপনি এই সিদ্ধান্ত কেন ভুল বলে মনে করেন আপিলে সেই কারণগুলো দিতে হবে ।

আমার ভাড়াটের হাউজিং বেনিফিট এর ব্যাপারে আপনি আমাকে কি তথ্য প্রদান করবেন?

আমরা ভাড়াটেকে হাউজিং বেনিফিট প্রদান করে থাকলে, আমরা আপনাকে তাদের দাবীর ব্যাপারে কোন তথ্য দিতে পারিনা, যদিনা তারা তাদের দাবীর ব্যাপারে আপনার সাথে আলোচনা করার জন্য আমাদেরকে লিখিত অনুমতি প্রদান করে। এমনকি তারা কোন দাবী করেছে কিনা সে ব্যাপারে আমরা আপনাকে বলতে পারিনা।

আমরা তাদের হাউজিং বেনিফিট আপনার কাছে পরিশোধ করলে, আমরা আপনাকে বলতে পারবঃ

- বেনিফিট কোন তারিখ শুরু হয়েছে বা শেষ হয়েছে;
- সাপ্তাহিকভাবে কি পরিমাণ বেনিফিট প্রদান করা হচ্ছে এবং কত ঘন ঘন সেটা প্রদান করা হচ্ছে;
- অতিরিক্ত অর্থ পরিশোধ পুনরুদ্ধারের জন্য বেনিফিট হতে আমরা কি পরিমাণ অর্থ নিচ্ছি; এবং
- আপনার কাছে সরাসরি পরিশোধকৃত কোন চেক এর বিস্তারিত।

আমরা আপনার ভাড়াটের বেনিফিট সরাসরি আপনার কাছে প্রতিনিধির কাছে পরিশোধ করলে, আমরা আপনাকে কোন তথ্য প্রদান করতে পারি না। আপনার প্রয়োজনীয় কোন তথ্যের জন্য আপনাকে আপনার ভাড়াটে বা প্রতিনিধিকে জিজ্ঞেস করতে হবে।

আমি আরো পরামর্শ কোথায় পেতে পারি?

আপনি আরো সাহায্য বা পরামর্শ চাইলে, আপনার লোকাল কাউন্সিলের সাথে যোগাযোগ করুন। আপনার কাউন্সিল ট্যাক্স বিলে বা ফোন বুকে আপনার লোকাল কাউন্সিলের নাম ও যোগাযোগের বিস্তারিত পেতে পারেন।

ন্যাশনাল ফ্রড হটলাইন (জাতীয় প্রতারণা সহায়তা)

এই ঠিকানায় লিখুনঃ
PO Box No 647
Preston PR1 1WA

ফোনঃ 0800 328 6340

ওয়েবসাইটঃ www.targetingfraud.gov.uk

ফ্রড সহায়তাঃ 01225 477874

নিরপেক্ষ পরামর্শ

আপনার নিরপেক্ষ পরামর্শের প্রয়োজন হলে, আপনার স্থানীয় সিটিজেনস এডভাইস ব্যুরো এর সাথে যোগাযোগ করুন। আপনি তাদের ফোন নাম্বার এবং অন্যান্য স্থানীয় পরামর্শ সংস্থাগুলোর ঠিকানা ফোন বুক, আপনার স্থানীয় লাইব্রেরী বা আপনার লোকাল কাউন্সিলের সাথে যোগাযোগ করে পেতে পারেন।

অন্যান্য ফরমাট (ভিন্ন মাধ্যমসমূহ)

আপনি এই বুকলেটের তথ্যগুলো বড় প্রিন্ট, ব্রেইল, অডিও মাধ্যমে এবং অন্যান্য ভাষায় পেতে পারেন। আরো তথ্যের জন্য আমাদের ওয়েবসাইট www.benefit-leaflets.org ভিজিট করুন।